বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-বিকেবি/প্রকা/শানিব্যউবি-১(৩৯)অংশ-১/২০১৯-২০২০/৮৫৭ তারিখঃ ০৫/০১/২০২০ খ্রিঃ

০১। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৩। সকল শাখা ব্যবস্থাপক (সংশ্লিষ্ট অঞ্চলসমূহের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ক্যাডেট, মিডশীপম্যান এবং ফাইট ক্যাডেটদের মাসিক অসমর্থ অবসরভাতা, চিকিৎসাভাতা, মহার্ঘভাতা ইত্যাদি প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, এফপিও (আর্মার্ড কোর) এর কার্যালয়, বগুড়া সেনানিবাস এর ১০/১২/২০১৯ খ্রিঃ তারিখের পত্র নং-এফপিও/এসি/পিজি/সিদ্ধান্ত-মতামত/২৩৫/১৯/৫৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রের সাথে সংযুক্ত সূত্রস্থ বর্ণিত পত্রগুলোর আলোকে অসমর্থ অবসরভাতা প্রদানের জন্য অত্র ব্যাংকের শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ জানানো হয়েছে।

০৩। এমতাবস্থায়, আলোচ্য বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ৬(ছয়) পাতা।

আপনার বিশ্বস্ত,
০৫/০১/২০২০
( মোহাম্মদ মনিরুল ইসলাম )
উপ-মহাব্যবস্থাপক
তারিখঃ ০৫/০১/২০২০ খ্রিঃ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৯)অংশ-১/২০১৯-২০২০/ ৮৫৭
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যস্থাপক মহোদয়গণের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি'র ওয়েব-সাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

০৫/০১/২০২০
( মোঃ আঃ আজিজ )
সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এফপিও(আর্মার্ড কোর) এর কার্যালয়
বগুড়া সেনানিবাস

নং-এফপিও/এসি/পিজি/ সিদ্ধান্ত-মতামত/২৩৫/১৯/ ৫৭ তারিখঃ ০৩/১৪২৬ বঃ
১০/১২/২০১৯ খ্রিঃ

প্রাপক ঃ

জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়
সরকারী হিসাব ও সার্ভিসেস ডিভিশন(সার্ভিসেস ডিপার্টমেন্ট)
৩৫/৪৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ব্যবস্থাপনা পরিচালক
জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয় (জনতা ভবন)
শাখা নিয়ন্ত্রক বিভাগ
১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

মহাব্যবস্থাপক
অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়
প্ল্যানিং, কো-অর্ডিনেশন এন্ড মার্কেটিং ডিভিশন
৩৭, দিলকুশা বাণিজ্যিক এলাকা, সানমুন স্টার টাওয়ার(১৩ তলা), ঢাকা-১০০০।

মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
শাখা নিয়ন্ত্রক ও ব্যাবসা উন্নয়ন বিভাগ
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
নম্বর ৭০৭ তারিখ
সহকারী মহাব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক

বিষয় ঃ **ক্যাডেট, মিডশীপম্যান এবং ফ্লাইট ক্যাডেটদের মাসিক অসমর্থ অবসরভাতা, চিকিৎসাভাতা, মহার্ঘভাতা ইত্যাদি প্রাপ্যতা প্রসঙ্গে।**

সূত্র ঃ ক) সিজিডিএফ কার্যালয়ের পত্র নং- সিজিডিএফ/এটি/সাম(আর্মি)/বিবিধ/২২২-৭ম(পার্ট ফাইল)/১৬ তাং-১০/০২/২০১৯খ্রিঃ।
খ) এসএফসি(আর্মি) কার্যালয়ের পত্র নং- এসএফসি(আর্মি)/কো-অর্ড/আর্থিক সম্মতি/বগুড়া/৩১২/২ তাং-০১/১১/২০১৮খ্রিঃ।
গ) এফসি(আর্মি)পে-২ কার্যালয়ের পত্র নং-কো-অর্ড/এফসি(আর্মি)পে-২/বিবিধ/সিদ্ধান্ত/১০৭-৫ম/১৭৪ তাং-১৭/০৪/২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত পত্রগুলোর আলোকে অসমর্থ অবসরভাতা প্রদানের জন্য আপনার অধীনস্থ ব্যাংক শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

মোঃ বাবুল আকতার
ডিএএফসি(আর্মি)
এফপিও(আর্মার্ড কোর)
বগুড়া সেনানিবাস।
ফোন নং-০৫১-৯২০৫৮

সংযুক্তি ঃ
ক) সিজিডিএফ কার্যালয়ের পত্র - ফটোকপি ০১ কপি।
খ) এসএফসি(আর্মি) কার্যালয়ের পত্র- ফটোকপি ০১ কপি।
গ) এফসি(আর্মি)পে-২ কার্যালয়ের পত্র- ফটোকপি ০১ কপি।
ঘ ) জেএসআই-০১/২০১৬ - ফটোকপি ০১ কপি।
ঙ) জেএসআই-০৭/২০১০ - ফটোকপি ০১ কপি।

নং- এফপিও/এসি/পিজি/ সিদ্ধান্ত-মতামত/২৩৫/১৯/ তারিখঃ ০৩/১৪২৬ বঃ
১০/১২/২০১৯ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। এফসি (আর্মি) পে-২
এফসি (আর্মি) পে-২ এর কার্যালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা।

২। ওআইসি
আর্মার্ড কোর সেন্টার এন্ড স্কুল(রেকর্ডস উইং)
বগুড়া সেনানিবাস।

স্বাক্ষরিত
মোঃ বাবুল আকতার
ডিএএফসি(আর্মি)
এফপিও(আর্মার্ড কোর)
বগুড়া সেনানিবাস।
ফোন নং-০৫১-৯২০৫৮

(৩)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ-নিয়ন্ত্রক (আর্মি) পে-২ এর কার্যালয়
পুরাতন বিমান বাহিনী সদর দপ্তর
ঢাকা সেনানিবাস, ঢাকা
E-mail : fcpav2@cgdf.gov.bd

নং- কো-অর্ড/ এফসি (আর্মি) পে-২/বিবিধ/সিদ্ধান্ত/১০৭-৫ম/১৭৪ তারিখঃ ০৪ বৈশাখ ১৪২৬ বঃ / ১৭/০৪/২০১৯ খ্রিঃ

বরাবর,

এফপিও
আরমার্ড কোর
বগুড়া সেনানিবাস

বিষয় ঃ **ক্যাডেট মিডশীপ ম্যান, এবং ফ্লাইট ক্যাডেটদের মাসিক অসমর্থ অবসর ভাতা, চিকিৎসা ভাতা, মহার্ঘভাতা ইত্যাদি প্রাপ্যতা প্রসঙ্গে।**

| | | |
|---|---|---|
| সূত্রঃ | (ক) এফপিও/এসি/পিজি/সাযোঃ/১১৬ | তাং ঃ ০৫/০৭/১৮ ইং |
| | (খ) এফসি (আর্মি) পে-২/কো-অর্ড শাখা/বিবিধ সিদ্ধান্ত/১০৭-৫ম/১০৫ | তাং ঃ ০৯/১০/১৮ ইং |
| | (গ) এসএফসি (আর্মি) কো-অর্ড/আর্থিক ও সম্মতি/বগুড়া/৩১২/২ | তাং ঃ ০১/১১/১৮ ইং |
| | (ঘ) সিজিডিএফ/এটি/সম(আর্মি) /বিবিধ/২২২-৭ম(পার্ট ফাইল)/১৬ | তাং ঃ ১০/০২/১৯ ইং |

উর্পযুক্ত বিষয় ও সূত্রগুলো পত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ক্যাডেট মিডশীপম্যান, এবং ফ্লাইট ক্যাডেটদের মাসিক অসমর্থ অবসর ভাতা , চিকিৎসা ভাতা ,মহার্ঘ ভাতা ইত্যাদি প্রাপ্যতার বিষয়ে জে এস আই/১/ ২০১৬ এর অধ্যায় ৬ এর ২য় অংশ এর অনুঃ ১৪ মোতাবেক সেনা ,নৌ এবং বিমান বাহিনী একাডেমীতে প্রশীক্ষণে থাকা অবস্থায় কোন ক্যাডেট ,মিডশীপম্যান এবং ফ্লাইট ক্যাডেট অসমর্থ হলে বা মৃত্যুবরণ করলে চার্টে বর্ণিত হারে অসমর্থ অবসর ভাতা এবং জেএসআই ১/২০১৬ এর অধ্যায় ৬ এর ভূমিকা -১ অনুযায়ী চিকিৎসা ভাতা প্রদানে এই কার্যালয় ও এসএফসি (আর্মি) এবং সিজিডিএফ একই মতামত প্রকাশ করেন

অর্থ-নিয়ন্ত্রক মহোদয়ের অনুমোদনক্রমে :

সংযুক্ত : ১ কপি ।

(মোঃ মোখলেছুর রহমান মিঞা)
উপ অর্থ নিয়ন্ত্রক
ফোন-৯৮৩৩৯৪৬

নং- কো-অর্ড/ এফসি (আর্মি) পে-২/বিবিধ/সিদ্ধান্ত/১০৭-৫ম/১৭৪ তারিখঃ ০৪ বৈশাখ ১৪২৬ বঃ / ১৭/০৪/২০১৯ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. এফপিও- এসিসি ,এইচি, ঢাকা/ ইসি, কাদিরাবাদ/ ইবিআরসি, চট্টগ্রাম/এসি, বগুড়া/সিআইআরসি, রাজশাহী/ এএসসি, জাহানাবাদ/ইএমই, সৈয়দপুর, নীলফামারী অর্ডন্যান্স, রাজেন্দ্রপুর/এএমসি, যাহাইল/সিএমপি, ময়নামতি, সিগন্যাল যশোর আর্টিলারী, হালিশহর, চট্টগ্রাম সেনানিবাস

২. অফিস কপি।

স্বা:—

(মোঃ মোখলেছুর রহমান মিঞা)
উপ অর্থ নিয়ন্ত্রক
ফোন-৯৮৩৩৯৪৬

৮-৩৬
ডিজ্যাস

(২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) এর কার্যালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
**E-mail: sfcarmy@cgdf.gov.bd**
ফ্যাক্স ঃ ০২-৮৭১৩০১২।

নম্বর ঃ এসএফসি(আর্মি)/কো-অর্ড/আর্থিক সম্মতি/বগুড়া/৩১২/২ তারিখ ঃ ১৭/০৭/১৪২৫ বঃ। / ০১ /১১/২০১৮ খ্রিঃ।

বরাবর

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়
১ম ১২তলা সরকারী অফিস ভবন, ৪র্থ তলা,
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

**বিষয় ঃ ক্যাডেট মিডশীপম্যান, এবং ফ্লাইট ক্যাডেটদের মাসিক অসমর্থ অবসর ভাতা, চিকিৎসা ভাতা, মহার্ঘ ভাতা ইত্যাদি প্রাপ্যতা প্রসঙ্গে।**

সূত্র ঃ এফসি(আর্মি) পে-২/ কো-অর্ড/বিবিধ সিদ্ধান্ত/১০৭-৫ম/১০৬ তারিখঃ ০৯/১০/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের মাধ্যমে ক্যাডেট মিডশীপম্যান্ট এবং ফ্লাইট ক্যাডেটগণ মাসিক অবসর ভাতা নূন্যতম ৩০০০/- টাকা এবং চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন কিনা সে বিষয়ে মতামত চাওয়া হয়েছে। বিষয়টি পর্যালোচনা করে দেখা যায় যে, সামরিক বাহিনীর সদস্যগণের অবসর জনিত কারণে যে সকল পেনশন প্রদান করা হয়, যেমন- ঐচ্ছিক পেনশন, ক্ষতিপূরণ পেনশন, অসমর্থ পেনশন এবং বার্ধক্যজনিত পেনশন। কমিশন প্রাপ্তির অভিপ্রায়ে প্রশিক্ষণ একাডেমীতে ক্যাডেট / মিডশীপম্যান/ ফ্লাইট ক্যাডেটগণ প্রশিক্ষণরত থাকেন। সেনা, নৌ এবং বিমান বাহিনী একাডেমী সমূহে প্রশিক্ষণে থাকা অবস্থায় কোন ক্যাডেট, মিডশীপম্যান এবং ফ্লাইট ক্যাডেট অসমর্থ হলে কিংবা মৃত্যুবরণ করলে অসমর্থ অবসর ভাতা / আনুতোষিক প্রদান করা হয়, যাহা সামরিক বাহিনীর সদস্যগণের উপরে বর্নিত অবসরজনিত অবসর ভাতার মত নয়। জে এস আই ১/১৬ এর অধ্যায় ৬ এর অনুচ্ছেদ ২৭ (গ) অনুযায়ী ৩০/০৬/২০১৫ পর্যন্ত অবসর ভাতা ভোগী যে অবসর ভাতা প্রাপ্য হতেন তা ১/০৭/২০১৫ হতে নূন্যতম ৩০০০/- টাকা এবং প্রাপ্যতা অনুযায়ী ৩০০০/- টাকার বেশী প্রাপ্য হবেন।উক্ত পেনশন নূন্যমত ৩০০০/- টাকা ক্যাডেট /মিডশীপম্যান/ফ্লাইট ক্যাডেটগণের জন্য প্রযোজ্য নয় বলে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, জে এস আই/১/২০১৬ এর অধ্যায় ৬ এর ২য় অংশ এর অনু:১৪ মোতাবেক সেনা, নৌ এবং বিমান বাহিনী একাডেমীতে প্রশিক্ষণে থাকা অবস্থায় কোন ক্যাডেট, মিডশীপম্যান এবং ফ্লাইট ক্যাডেট অসমর্থ হলে বা মৃত্যুবরণ করলে চার্টে বর্নিত হারে অসমর্থ অবসর ভাতা এবং জে এস আই ১/১৬ এর অধ্যায় ৬ এর ভূমিকা-১ অনুযায়ী চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন বলে এ কার্যালয় মনে করে।

অতএব, বর্ণিত বিষয়ে সদয় সিদ্ধান্ত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) মহোদয়ের অনুমোদনক্রমে।

স্বা: -
**(মোঃ আবদুল আজিজ ভূঞা)**
উপ-অর্থ নিয়ন্ত্রক (আর্মি)
ফোন ঃ ৯৮৩২৮০৪।

নং-এসএফসি(আর্মি)/কো-অর্ড/আর্থিক সম্মতি/বগুড়া/৩১২/ ২ তারিখ: ১/১১/২০১৮খ্রিঃ
অবগতি ও কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ
০১। এফসি (আর্মি) পে-২
এফসি (আর্মি) পে-২ এর কার্যালয়।
ঢাকা সেনানিবাস, ঢাকা।
০২। এফপি ও আর্মাড
বগুড়া সেনানিবাস।

1/11/2018
**(মোঃ আবদুল আজিজ ভূঞা)**
উপ-অর্থ নিয়ন্ত্রক (আর্মি)
ফোন ঃ ৯৮৩২৮০৪।

| | |
|---|---|
| এস এফ সি (আর্মি) | নিজের ডায়েরী নং................ তাং................ |
| জে এফ সি | অতি জরুরী/জরুরী ৩৪ |
| ডি এফ সি | পরিচ্ছন্ন নেত্ত্বাধর নিকট |
| উঃ এফসি | ........ নিজের মধ্যে পেশ করুন |
| সুপার | [illegible] |
| অধ্যায় | অবগত হউন |
| | প্রচার করুন/অবিলম্বে |
| | এস এ[illegible] |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়
১ম ১২ তলা সরকারী অফিস ভবন, ৪র্থ তলা
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cgdf.gov.bd

নং-সিজিডিএফ/এটি/সাম(আর্মি)/বিবিধ/২২২-৭ম(পার্ট ফাইল)/ ৯৬

তারিখঃ ২৮/১০/১৪২৫ বঃ
১০ /০২/২০১৯খ্রিঃ

(1)

সিনিয়র অর্থ নিয়ন্ত্রক
সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (আর্মি) এর কার্যালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা।

বিষয়: ক্যাডেট মিডশীপম্যান,এবং ফ্লাইট ক্যাডেটদের মাসিক অসমর্থ অবসর ভাতা ,চিকিৎসা ভাতা,মহার্ঘভাতা ইত্যাদি প্রাপ্যতা প্রসংগে।

সূত্র: এসএফসি(আর্মি) কার্যালয়ের পত্র নম্বরঃ এসএফসি(আর্মি)/ কো-অর্ড/আর্থিক সম্মতি/বগুড়া/৩১২/২ তারিখ: ০১/১১/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ক্যাডেট মিডশীপম্যান ,এবং ফ্লাইট ক্যাডেটদের মাসিক অসমর্থ অবসর ভাতা, চিকিৎসা ভাতা, মহার্ঘ ভাতা ইত্যাদি প্রাপ্যতার বিষয়ে জে এস আই/ ১/২০১৬ এর অধ্যায় ৬ এর ২য় অংশ এর অনুঃ ১৪ মোতাবেক সেনা, নৌ এবং বিমান বাহিনী একাডেমীতে প্রশিক্ষণে থাকা অবস্থায় কোন ক্যাডেট, মিডশীপম্যান এবং ফ্লাইট ক্যাডেট অসমর্থ হলে বা মৃত্যুবরন করলে চার্টে বর্ণিত হারে অসমর্থ অবসর ভাতা এবং জেএসআই ১/২০১৬ এর অধ্যায় ৬ এর ভূমিকা -১ অনুযায়ী চিকিৎসা ভাতা প্রদানে এসএফসি(আর্মি) কার্যালয়ের মতামতের সাথে এ কার্যালয় একমত পোষণ করে।

১০/২/২০১৯
(দেবাশীষ খীসা)
সহকারি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স
ফোনঃ ৯৩৫৮১২৫।

D:\Computer I file recent\222-7th all doc\...\222-7

ফেব্রুয়ারি ১/২০২৩

দ্বিতীয় অংশ

**ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট:**

১৪। সেনা, নৌ এবং বিমান বাহিনী একাডেমীসমূহে প্রশিক্ষণে থাকা অবস্থায় কোন ক্যাডেট, মিডশীপম্যান এবং ফ্লাইট ক্যাডেট অসমর্থ হইলে বা মৃত্যুবরণ করিলে নিম্নবর্ণিত মাসিক হারে অসমর্থ অবসরভাতা/ পারিবারিক অবসরভাতা/ নির্ভরশীল অবসরভাতা/ শিশু ভাতা প্রদেয় হইবে, যথাঃ-

ক। **অসমর্থ অবসর ভাতা (Disability Pension)।**

| ক্রমিক নং | অসমর্থতার পরিমাণ (শতকরা হারে) | অসমর্থ অবসরভাতার হার (মাসিক) |
|---|---|---|
| (১) | ২০% | ৩৮৬.০০ |
| (২) | ৩০% | ৪৪৯.০০ |
| (৩) | ৪০% | ৫১৬.০০ |
| (৪) | ৫০% | ৬৪৬.০০ |
| (৫) | ৬০% | ৭৭৪.০০ |
| (৬) | ৭০% | ৯০৩.০০ |
| (৭) | ৮০% | ১০৩২.০০ |
| (৮) | ৯০% | ১১৬২.০০ |
| (৯) | ১০০% | ১২৯২.০০ |

খ। **মৃত্যু-আনুতোষিক।** কোন ক্যাডেট, মিডশীপম্যান এবং ফ্লাইট ক্যাডেট সার্ভিসেস একাডেমিতে প্রশিক্ষণরত অবস্থায় মৃত্যুবরণ করিলে এবং উক্ত মৃত্যু সশস্ত্র বাহিনীর চাকরিতে আরোপণীয় কিংবা সশস্ত্র বাহিনীর চাকরির কারণে রোগের অধিকতর ক্ষতিগ্রস্ত বিবেচিত হইলে তাঁহার পরিবার নিম্নরূপ হারে মৃত্যু আনুতোষিক প্রাপ্য হইবেন, যথাঃ-

(১) বিবাহিত ক্যাডেট/মিডশীপম্যান/ফ্লাইট ক্যাডেট - ১৮ মাসের বেতন।

(২) অবিবাহিত ক্যাডেট/মিডশীপম্যান/ফ্লাইট ক্যাডেট - ১২ মাসের বেতন।

গ। **পারিবারিক অবসরভাতা (Family Pension)/ শিশু ভাতা (Children Allowance)।**

(১) মৃতের স্ত্রী/স্বামী/ছেলে/মেয়ে – ৬৪৬.০০ (মাসিক)

(২) প্রত্যেক শিশুর জন্য শিশু ভাতা – ১৬৯.০০ (মাসিক)

টিকা:

১। শিশু ভাতা পরিশোধ একই সময়ে সর্বোচ্চ ০২ সন্তানে সীমাবদ্ধ থাকিবে।

২। মৃতের ছেলে/মেয়ে পারিবারিক অবসরভাতা প্রাপ্য হইলে শিশু ভাতা প্রাপ্য হইবে না।

ঘ। **নির্ভরশীল অবসরভাতা (Dependent Pension)।**

(১) পিতা/মাতা – ৫১৬.০০ প্রতিমাসে

(২) ভাই-বোন

(ক) সম্মিলিতভাবে (যদি একাধিক ব্যক্তি হয়) – ৩২২.০০ প্রতিমাসে

(খ) ভাই অথবা বোন (যদি একক ব্যক্তি হয়) – ১৬৯.০০ প্রতিমাসে

(টিকাঃ উপরি-উক্ত সুবিধাসমূহ কমিশন্ড অফিসারের ক্ষেত্রে যে শর্তাধীনে প্রদেয় হয়, ঐ একই শর্তে ক্যাডেট/ মিডশীপম্যান/ ফ্লাইট ক্যাডেট ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।)

গ। <u>সাধারণ শিশু ভাতা (Ordinary Children Allowance)</u> । বর্তমানে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী নিম্নরূপ হারে প্রদেয় হইবে :

| প্রতি শিশু | মাতৃহীন (মাসিক) | মাতৃহীন নয় (মাসিক) |
|---|---|---|
| (১) ৫ বৎসর বয়স পর্যন্ত | ৩৩১.০০ | ২০৮.০০ |
| (২) ৫ বৎসর পর হইতে ১৫ বৎসর বয়স পর্যন্ত | ৬২২.০০ | ৩৭৩.০০ |
| (৩) ১৫ বৎসর পর হইতে ২৫ বৎসর বয়স পর্যন্ত | ৮২৮.০০ | ৫১৫.০০ |

টীকা :

(১) শিশু ভাতা পরিশোধ একই সময়ে সর্বোচ্চ দুই সন্তানে সীমাবদ্ধ থাকিবে।
(২) মৃতের ছেলে/মেয়ে সাধারণ পারিবারিক অবসরভাতা প্রাপ্য হইলে সাধারণ শিশু ভাতা প্রাপ্য হইবে না।

১১। <u>নিত্য পরিচারক ভাতা (Constant Attendance Allowance)</u> । নিত্য পরিচারক ভাতা প্রদানের প্রচলিত বিধি-বিধান অপরিবর্তিত থাকিবে। এই ভাতা মাসিক ৬৬২.০০ টাকা হারে প্রদেয় হইবে।

১২। <u>অবসরগামী কর্মকর্তাদের পূর্ণ বেতনে ১২ মাস অবসর প্রস্তুতিমূলক ছুটি প্রদান এবং ছুটি নগদায়নের সুবিধা</u> । বিদ্যমান ছুটির বিধান অনুযায়ী কোন কর্মকর্তা ছুটি পাওনা সাপেক্ষে ১২ মাস পূর্ণ বেতনে অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগের সুবিধা এবং ছুটি জমা থাকা সাপেক্ষে ছুটি নগদায়নের বিদ্যমান সুবিধাও ভোগ করিবেন।

## <u>দ্বিতীয় অংশ</u>

<u>ক্যাডেট/মিডশিপম্যান</u>

১৩। সেনা, নৌ এবং বিমান বাহিনী একাডেমী সমূহে প্রশিক্ষণে থাকা অবস্থায় কোন ক্যাডেট/মিডশিপম্যান অসমর্থ হইলে বা মৃত্যুবরণ করিলে নিম্নবর্ণিত মাসিক হারে অসমর্থ অবসরভাতা/পারিবারিক অবসরভাতা/নির্ভরশীল অবসরভাতা/শিশু ভাতা প্রদেয় হইবে :

ক। <u>অসমর্থ অবসরভাতা (Disability Pension)</u>

| ক্রমিক নং | অসমর্থতার পরিমাণ (শতকরা হারে) | অসমর্থ অবসরভাতার হার (মাসিক) |
|---|---|---|
| (১) | ২০% | ২৯৭.০০ |
| (২) | ৩০% | ৩৪৫.০০ |
| (৩) | ৪০% | ৩৯৭.০০ |
| (৪) | ৫০% | ৪৯৭.০০ |
| (৫) | ৬০% | ৫৯৫.০০ |
| (৬) | ৭০% | ৬৯৫.০০ |
| (৭) | ৮০% | ৭৯৪.১০ |
| (৮) | ৯০% | ৮৯৪.০০ |
| (৯) | ১০০% | ৯৯৪.০০ |

খ। <u>পারিবারিক অবসরভাতা এবং শিশু ভাতা (Family Pension and Children Allowance)</u> ।

(১) মৃতের স্ত্রী/স্বামী/ছেলে/মেয়ে - ৪৯৭.০০ (মাসিক)
(২) প্রত্যেক শিশুর জন্য শিশু ভাতা - ১৩০.০০ (মাসিক)

**(নোটঃ সংশ্লিষ্ট বিধি সংশোধন সাপেক্ষে ছেলে/মেয়ে প্রযোজ্য হইবে)**

টীকা :

(১) শিশু ভাতা পরিশোধ একই সময়ে সর্বোচ্চ দুই সন্তানে সীমাবদ্ধ থাকিবে।
(২) মৃতের ছেলে/মেয়ে পারিবারিক অবসরভাতা প্রাপ্য হইলে শিশু ভাতা প্রাপ্য হইবে না।